

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অপ্রধান শস্য কর্মসূচি
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

১৫ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.০২.০০১.২৪.৩০


বিষয়: অপ্রধান শস্য কর্মসূচি'র উপ-অঞ্চলভিত্তিক জেলা দপ্তরের জন্য ব্যাংক হিসাব পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'অপ্রধান শস্য কর্মসূচি' বিগত ০১/০১/২০২৪ খ্রিঃ তারিখ হতে বিআরডিবি'র নিজস্ব কর্মসূচি হিসেবে পরিচালিত হচ্ছে। কর্মসূচি'র সাংগঠনিক কাঠামোতে উপ-অঞ্চল হিসেবে পূর্ব নির্ধারিত ২০ টি বৃহত্তর জেলাদপ্তরকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ সকল উপ-অঞ্চলে কর্মসূচি'র নিজস্ব জনবল কর্মরত আছে। কর্মসূচি নীতিমালার ২৫.(২) অনুচ্ছেদ অনুসারে উক্ত জনবলের বেতন-ভাতাদি ও অন্যান্য ব্যয় কর্মসূচি'র উপ-অঞ্চলভিত্তিক জেলা দপ্তরের মাধ্যমে সম্পন্ন হবে। ফলে অপ্রধান শস্য কর্মসূচি'র উপ-অঞ্চলের সার্বিক আর্থিক ব্যবস্থাপনার জন্য একটি নির্দিষ্ট ব্যাংক হিসাব পরিচালনা করা প্রয়োজন। এ নিরিখে প্রত্যেক উপ-অঞ্চলভিত্তিক জেলা দপ্তরের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ এ অথবা সুবিধাজনক যে কোন ব্যাংকের শাখায় বিআরডিবি'র উপপরিচালক ও উপপ্রকল্প পরিচালক (উপপ্রকল্প পরিচালক না থাকলে হিসাবরক্ষক) এর যৌথস্বাক্ষরে 'অপ্রধান শস্য কর্মসূচি (----- উপ-অঞ্চল)' শিরোনামে একটি ব্যাংক হিসাব পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো। প্রসঙ্গত উল্লেখ্য যে, কর্মসূচি'র উপ-অঞ্চলভিত্তিক দপ্তরের কর্মকর্তাদের বেতন-ভাতাদিসহ অন্যান্য পরিচালনার অর্থ পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত কর্মসূচি সদরদপ্তর হতে প্রেরণ করা হবে। আর এ কারণে কর্মসূচি দপ্তরে প্রত্যেক উপ-অঞ্চলের এ ব্যাংক হিসাবের তথ্য প্রয়োজন।

এমতাবস্থায়, অপ্রধান শস্য কর্মসূচি'র প্রত্যেক উপ-অঞ্চলভিত্তিক জেলা দপ্তরের জন্য একটি নির্দিষ্ট ব্যাংক হিসাব খোলা এবং উক্ত ব্যাংক হিসাবের তথ্য নিম্ন উল্লেখ্য ছক মোতাবেক অপ্রধান শস্য কর্মসূচি সদর দপ্তরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ব্যাংক হিসাবের তথ্য: ছক

ব্যাংক হিসাব শিরোনাম	ব্যাংক হিসাব নম্বর	ব্যাংকের নাম	শাখার নাম	মন্তব্য
অপ্রধান শস্য কর্মসূচি (----- উপ-অঞ্চল)				



২৯-০৫-২০২৪
মোঃ তাফজেল হোসেন
কর্মসূচি পরিচালক
০২৫৫০১১৭৪৯
pdmcpmp@brdb.gov.bd

উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, উপ-অঞ্চল: ----- (২০)।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.০২.০০১.২৪.৩০/১ (৩)

১৫ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত);
- ২। একান্ত সহকারী, সরেজমিন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড [পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত] এবং
- ৩। অপ্রধান শস্য বিশেষজ্ঞ/ শস্য উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, অপ্রধান শস্য কর্মসূচি, উপ-অঞ্চল:----- (২০)।



M.A.A.

২৯-০৫-২০২৪

মোঃ তাফজেল হোসেন
কর্মসূচি পরিচালক